গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা - ৩

স্মারক নং- শাঃ৩/১এম-৬/২০০৯/২৬৭

তারিখঃ ১১ শ্রাবণ ১৪১৯ / ২৬ জুলাই ২০১২

অফিস আদেশ

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ১৩/০৬/২০১২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৩.২০০৮-৪২০ নং পত্রের নির্দেশনা অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয়ের ২০-০৫-২০০৮ তারিখের শাঃ৩/১বি-৩/২০০৭/২৫৭ সংখ্যক আদেশে গঠিত "বাজেট ব্যবস্থাপনা কমিটি" (BMC) পুনর্গঠন ও কার্যপরিধি পুনর্বিন্যাস করা হলোঃ

০১।	সচিব, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।	সভাপতি
০২।	অতিরিক্ত সচিব (উন্নয়ন/কলেজ/বিশ্বঃ/কাঃ ও মাঃ, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।	সদস্য
০৩।	যুগ্মসচিব (মাধ্যমিক/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।	সদস্য
০৪।	প্রধান পরিকল্পনা উইং, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।	সদস্য
০৫।	মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ কারিগরী শিক্ষা অধিদপ্তর / নায়েম,ঢাকা।	সদস্য
০৬।	প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।	সদস্য
০৭।	উপসচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য (কারিগরি)
০৮।	উপসচিব (প্রশাসন-২), শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা	সদস্য
০৯।	পরিচালক, আই.এম.ই.ডি বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।	সদস্য
১০।	উপ-প্রধান, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।	সদস্য
১১।	পরিচালক, ব্যানবেইস, পলাশী-নীলক্ষেত, ঢাকা।	সদস্য
১২।	পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।	সদস্য
১২।	পরিচালক (অর্থ ও হিসাব), বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।	সদস্য
১৩।	প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।	সদস্য
১৪।	অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ) শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।	সদস্য সচিব

২। **বাজেট ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধি হবে নিম্নরূপঃ**

(১১) মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি নীতির খসড়া পরীক্ষা ও অনুমোদনের জন্য সুপারিশ প্রদান;

(১২) মন্ত্রণালয়/বিভগের বাজেট সংশ্লিষ্ট পরিকল্পনা/কর্মপরিকল্পনা অনুমোদন;

(১৩) মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামো অনুমোদন;

(১৪) বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প গ্রহণের বিষয়ে অনুমোদন;

(১৫) সচিবালয় এবং সংযুক্ত/অধিনস্থ দপ্তর/সংস্থার রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা অনুমোদন;

(১৬) রাজস্ব আয়, অনুন্নয়ন ও উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ আনুমোদন;

(১৭) রাজস্ব বাজেট হতে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির প্রস্তাব পর্যালোচনা ও অনুমোদন;

(১৮) আগাম সংগ্রহ পরিকল্পনা (Advance Procurement Plan)-সহ মন্ত্রণালয়/বিভাগ ও নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের জন্য বাজেট বাস্তবায়ন পরিকল্পনা অনুমোদন;

(১৯) উন্নয়ন অনুবিভাগের/পরিকল্পনা সেলের সাথে সমন্বয়ের মাদ্যমে মাসিক ভিত্তিতে বাজেটে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণের অগ্রগতি এবং অধিদপ্তর/সংস্থাওয়ারি সকল কার্যক্রম/প্রকল্প/কর্মসূচির বাস্তবায়ন (Financial and Non-Financial) অগ্রগতি পর্যালোচনা এবং রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন ও বাজেট বরাদ্দ অপেক্ষা ব্যয়ের পরিমাণ যাতে বেশী না হয় সে লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;

(২০) ত্রৈমাসিক ভিত্তিতে বাজেট নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রাজস্ব আহরণ এবং ব্যয়ের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনা এবং অনুমোদন;

(২১) প্রধান কর্মকৃতি নির্দেশক এবং ফলাফল নির্দেশক সংক্রান্ত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন পরিবীক্ষণ এবং লক্ষ্যমাত্রাসমূহ যাতে অর্জিত হয় তা নিশ্চিত করার লক্ষ্যে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন;

(২২) নিরীক্ষা প্রত্যয়নের জন্য মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণের পূর্বে মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক উপযোজন হিসাব অনুমোদন; এবং

(২৩) অভ্যন্তরীণ ও বিধিবদ্ধ নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও নিরীক্ষা আপত্তিসমূহ নিস্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান।

৩। অন্যান্যঃ

- কৌশলগত উদ্দেশ্যসমূহ ও অগ্রাধিকার নির্ণয়, কর্মকৃতি নির্দেশক (Performance Indicator) এবং ফলাফল নির্দেশক সংক্রান্ত লক্ষ্যমাত্রা নির্ধারণসহ এ জাতীয় বিশেষ কোন কাজ সম্পন্ন করার জন্য উপযুক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে বাজেট ব্যবস্থাপনা কমিটির উপ-কমিটি গঠন করা যেতে পারে; এবং
- বাজেট ব্যবস্থাপনা কমিটি বছরে সাত বা ততোধিক সভায় মিলিত হবে। তবে, প্রয়োজনবোধে কমিটির সভাপতি যে কোন সময় বিশেষ সভা আহ্বান করতে পারবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল।

(এস.এম. আনছারুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

বিতরণঃ

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।
৩. সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা
৪. সচিব, আই.এম.ই.ডি বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব(প্রঃ ও অর্থ/উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৬. অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (কলেজ/বিশ্বঃ/কাঃ ও মাঃ), শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।
৮. যুগ্ম-সচিব (মাধ্যমিক/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।
৯. প্রধান,পরিকল্পনা উইং, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।
১০. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ কারিগরী শিক্ষা অধিদপ্তর / নায়েম,ঢাকা।
১১. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
১২. পরিচালক, ব্যানবেইস, পলাশী-নীলক্ষেত, ঢাকা।
১৩. পরিচালক(অর্থ ও হিসাব) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন,আগার গাঁও,ঢাকা
১৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পলটন, ঢাকা।

স্মারক নং- শাঃ৩/১এম-৬/২০০৯/২৬৭/১(৫)

তারিখঃ ১১ শ্রাবণ ১৪১৯ / ২৬ জুলাই ২০১২

অনুলিপি সদয় অবগতির জন্যঃ-

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ/উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। উপসচিব (প্রঃ-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়,ঢাকা।(শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে হোস্টিং এর অনুরোধসহ)

২৬/৭/১২

(এস.এম. আনছারুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব